

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

ওয়েবসাইট: www.bb.org.bd

এসএফডি সার্কুলার নং: ০১

তারিখ: _____
মে ১১, ২০১৬
বৈশাখ ২৮, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর স্থাপনা নির্মাণ ও ব্যবসা কেন্দ্র সম্প্রসারণে
পরিবেশবান্ধব কার্যক্রম গ্রহণ এবং জলবায় বৃক্ষি তত্ত্বিলের ব্যবহার প্রসঙ্গে

বিআরপিডি সার্কুলার নং-০২/২০১১ তারিখ: ফেব্রুয়ারি ২৭, ২০১১; জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪/২০১৩ তারিখ: আগস্ট ১১, ২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৫/২০১৩ তারিখ: সেপ্টেম্বর ১১, ২০১৩ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বরাবরে জারিকৃত পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালার অনুচ্ছেদ ১.৩ অনুসারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিজস্ব অফিস ও স্থাপনা ব্যবস্থাপনায় পরিবেশবান্ধব উদ্যোগ ও কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। তদুপরি, বাংলাদেশ সরকারের Perspective Plan of Bangladesh 2010-2021 ও National Sustainable Development Strategy বাস্তবায়নে এবং জাতিসংঘ ঘোষিত ও বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক খাতে টেকসই উন্নয়নে সহায়ক পদক্ষেপ গ্রহণের কোন বিকল্প নেই। এছাড়া, সম্প্রতি National Economic Council এর সভায় মাননীয় প্রধানমন্ত্রী যে কোন ধরনের স্থাপনা নির্মাণে পরিবেশবান্ধব কার্যক্রম (Solid Waste Management System, Rainwater Harvesting, Solar Power Panel) গ্রহণের অনুশাসন প্রদান করেছেন।

২। এপ্রোক্ষিতে, সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে নিজস্ব স্থাপনা নির্মাণ ও ব্যবসা কেন্দ্র সম্প্রসারণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালন করতে হবে:

- ক) নতুন যে কোন স্থাপনা নির্মাণের সময় Solid Waste Management System এবং বৃষ্টির পানি ধরে রাখার (Rainwater Harvesting) ব্যবস্থা রাখতে হবে। নির্মাণ এলাকায় জলাধার বিদ্যমান থাকলে তা অবশ্যই সংরক্ষণ করতে হবে। জলাধার না থাকলে নতুন জলাধার তৈরি করতে হবে যাতে বৃষ্টির পানি ধরে রাখা যায়। এ পানি প্রয়োজনে ব্যবহার করা যাবে এবং জলাবন্ধন থেকে রেহাই পাওয়া যাবে।
- খ) নতুন যে কোন স্থাপনা নির্মাণের সময় সৌর বিদ্যুৎ প্যানেল (Solar Power Panel) স্থাপন করতে হবে।
- গ) নতুন শাখা বা ব্যবসায় উন্নয়ন কেন্দ্র যদি ভাড়াকৃত বা ইজারাকৃত স্থাপনায় খোলা হয়, সেক্ষেত্রে, উক্ত স্থাপনায় Solid Waste Management System, Rainwater Harvesting এবং Solar Power Panel থাকতে হবে।
- ঘ) সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান সকল নিজস্ব স্থাপনায় ডিসেম্বর ৩১, ২০১৮ (সরকারী মালিকানাধীন ব্যাংকগুলোর ক্ষেত্রে ডিসেম্বর ৩১, ২০২০) এর মধ্যে Solid Waste Management System, Rainwater Harvesting এবং Solar Power Panel স্থাপন করতে হবে।

৩। যেকোন অর্থায়ন (খণ্ড ও বিনিয়োগ) ও অনুদান প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য খণ্ডহীতা/সুবিধাভোগী, তাঁর/তাঁদের অর্থায়ন/অনুদান সংশ্লিষ্ট সকল নতুন স্থাপনায় (অত্র সার্কুলার জারির পর নির্মিত/নির্মায়মান) Solid Waste Management System এবং Rainwater Harvesting স্থাপন করেছেন কিনা সে বিষয়ে অর্থায়নকারী/অনুদান প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে নিশ্চিত হতে হবে। এছাড়াও, সরকারী প্রতিষ্ঠানে অর্থায়ন (খণ্ড ও বিনিয়োগ) ও অনুদান প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য খণ্ডহীতা/সুবিধাভোগী, তাঁদের অর্থায়ন/অনুদান সংশ্লিষ্ট সকল নতুন স্থাপনায় (অত্র সার্কুলার জারির পর নির্মিত/নির্মায়মান) Solar Power Panel স্থাপন করেছেন কিনা সে বিষয়ে অর্থায়নকারী/অনুদান প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে নিশ্চিত হতে হবে।

৪। সরকারী শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) ও সরকারি হাসপাতালসমূহ এবং দেশের তুলনামূলক অনুন্নত, অনগ্রসর ও সুবিধাবন্ধিত জনগোষ্ঠীকে বিনামূল্যে অথবা অত্যন্ত স্বল্প খরচে শিক্ষা ও চিকিৎসা সেবা প্রদানকারী ও আ-মুনাফাভোগী (Non-for-Profit) প্রতিষ্ঠানে (সরকারীভাবে স্বীকৃত বা নির্বাক্তিত) Solid Waste Management System, Rainwater Harvesting এবং Solar Power Panel স্থাপনের জন্য তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো অনুদান (Grant) প্রদান বাহাসূক্ত সুন্দ হারে অর্থায়ন করতে পারবে। এরপ অনুদান প্রদান বা অর্থায়ন ‘জলবায়ু বুঁকি তহবিল’ এর ব্যবহার হিসেবে পরিগণিত হবে এবং এর হিসাবায়ন জিবিসিএসআরডি সার্কুলার নং : ০৪/২০১৫ অনুসারে করতে হবে।

৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: manoj.biswas@bb.org.bd

gm.gbcserd@bb.org.bd